**ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে আধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় সরকার ৬ (ছয়) টি মেট্রোরেল সমন্বয়ে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪ স্টেশন (উড়াল ৫১ এবং ৫৩) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে :

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

<table>
<tr><th>ক্রম</th><th>এমআরটি লাইনের নাম</th><th>পর্যায়</th><th>সম্ভাব্য সমাপ্তির সাল</th><th>ধরণ</th></tr>
<tr><td>১.</td><td>এমআরটি লাইন-৬</td><td>প্রথম</td><td>২০২৪</td><td>উড়াল</td></tr>
<tr><td>২.</td><td>এমআরটি লাইন-১</td><td rowspan="2">দ্বিতীয়</td><td>২০২৬</td><td rowspan="4">উড়াল ও পাতাল</td></tr>
<tr><td>৩.</td><td>এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট</td><td>২০২৮</td></tr>
<tr><td>৪.</td><td>এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট</td><td rowspan="3">তৃতীয়</td><td rowspan="3">২০৩০</td></tr>
<tr><td>৫.</td><td>এমআরটি লাইন-২</td></tr>
<tr><td>৬.</td><td>এমআরটি লাইন-৪</td><td>উড়াল</td></tr>
</table>

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলছে। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। ২০২৬ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design-এর কাজ চলমান আছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর Engineering Service-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়াধীন আছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Basic Study শুরু হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। সার্বিক গড় অগ্রগতি ৪১.২৬%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬৯.৩৮%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৩৭.৮০%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ২৫.৪৯%। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসরণে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বর্ধিত করার জন্য Social Survey চলছে। এ অংশের দৈর্ঘ্য ১.১৬ কিলোমিটার।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামোর নির্মাণকাজ পুরোদমে এগিয়ে চলছে। আগামী জুন ২০২০ মাসে ডিপো এলাকার পূর্ত কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। ডিপো এলাকার পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৬৪%।

- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল ও আই-গার্ডার নির্মাণ সম্পন্ন হয়েছে। গত ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ৫,১৪৯ টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং-এর মধ্যে সকল প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৭৬৬ টি পাইল ক্যাপ এর মধ্যে ৭৬৪ টি পাইল ক্যাপ, ৩৯৩ টি পিয়ার হেডের মধ্যে ৩৮৭ টি পিয়ার হেড এবং ১১.৭৩ কিলোমিটার এর মধ্যে ৯.১৬ (নয় দশমিক ষোল) কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। ধারাবাহিকভাবে ভায়াডাক্ট erection এর কাজ এগিয়ে চলছে। যেখানে ভায়াডাক্ট স্থাপন করা হয়েছে সেখানে parapet wall এর নির্মাণকাজ এগিয়ে চলছে। ০৯টি স্টেশনের sub-structure নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা সেন্টার ও উত্তরা দক্ষিণ স্টেশনদ্বয়ের concourse নির্মাণ এ মাসে সম্পন্ন হয়েছে। বর্তমানে উত্তরা উত্তর, পল্লবী, কাজীপাড়া এবং শেওড়াপাড়া স্টেশনের concourse নির্মাণের কাজ চলছে। মেট্রোরেল নির্মাণে স্বাভাবিক পানির প্রবাহ ও ট্রাফিক ব্যবস্থাপনা যাতে বাধাগ্রস্থ না হয় তা বিবেচনায় ০৫ টি long span balance cantilever এর মধ্যে ০১টি সমাপ্ত হয়েছে এবং বাকী ০৪ টির নির্মাণকাজ অব্যাহত আছে। পিয়ার-৪৪ থেকে পিয়ার-১০২ পর্যন্ত প্রায় ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট রেললাইন ও Overhead Catenaries System (OCS) Mast স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়েছে। সার্বিক অগ্রগতি ৬৮.৮৭%।

- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল ও ট্রায়াল ট্রেঞ্চ নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৬২১টি স্থায়ী বোর্ড পাইলের মধ্যে ৬১৬ টি স্থায়ী বোর্ড পাইল সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপ এর মধ্যে ৯২ টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১০৬টি পিয়ার কলাম এর মধ্যে ৬৩ টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১০৬টি পিয়ার হেডের এর মধ্যে ১৭ টি পিয়ার হেড এবং ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং এর মধ্যে ২১৩ টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর মধ্যে ১টির কাজ চলমান রয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৪০.৩০%। এছাড়া প্যাকেজ-০৫ এর আওতায় উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৮৬%।

- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণকাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং ও টেস্ট পাইল সম্পন্ন হয়েছে। মূল পাইল নির্মাণের নিমিত্ত ৪২৩ টি ট্রায়াল ট্রেঞ্চ এর মধ্যে ৪১০ টি ট্রায়াল ট্রেঞ্চ সম্পন্ন হয়েছে। মোট ৮৬২ টি স্থায়ী বোর্ড পাইল এর মধ্যে ৮১২ টি স্থায়ী বোর্ড পাইল সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ১২০ টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৬০টি পিয়ার কলাম এর মধ্যে ৯৭ টি পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। ১৩৬টি পিয়ার হেডের মধ্যে ৮০ টি পিয়ার হেড সম্পন্ন হয়েছে এবং ১৬২০টি সেগমেন্ট এর মধ্যে ৩৩০ টি সেগমেন্ট সম্পন্ন হয়েছে । বাস্তব অগ্রগতি ৪২.৩৮%।

- **প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণকাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। টঙ্গি ও মানিকনগর গ্রীড সাব স্টেশনে Bay এবং উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। উত্তরা রিসিভিং সাব স্টেশন (RSS) ভবনে ইকুইপমেন্ট স্থাপনের কাজ চলছে। মতিঝিল রিসিভিং সাব স্টেশন ভবন নির্মাণকাজ চলছে। বৈদ্যুতিক সরঞ্জাম এবং রেল লাইন নির্মাণের মালামাল উত্তরা ডিপোতে পৌঁছেছে। ডিপো এলাকায় এবং ভায়াডাক্টের উপর রেল লাইন বসানো ও বৈদ্যুতিক স্থাপনার নির্মাণকাজ চলছে। ইতোমধ্যে ১.০৮ (এক দশমিক শূন্য আট) কিলোমিটার রেল লাইন বসানো হয়েছে। Real Time Based Metro Rail ব্যবস্থাপনার জন্য Master Clock ডিপোতে এসে পৌঁছেছে। বাস্তব অগ্রগতি ৩4.৩০ %।

- **প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। Bogie নির্মাণের কাজ ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ জাপানে শুরু হয়েছে। যাত্রীবাহী কোচ (কারবডি) নির্মাণের কাজ ১৬ এপ্রিল ২০১৯ তারিখ জাপানে শুরু করা হয়েছে। মেট্রো ট্রেনের Mock Up গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখ উত্তরা ডিপোতে এসে পৌঁছেছে এবং ২৩ ফেব্রয়ারি ২০২০ তারিখ উত্তরা ডিপোর Exhibition & Information Center এ স্থাপন করা হয়েছে। মেট্রোরেল সম্পর্কে সম্যক ধারণা প্রদানের নিমিত্ত আগামি মার্চ ২০২০ এর শেষের দিকে উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়ার পরিকল্পনা রয়েছে। আগামি ১৫ জুন ২০২০ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছার জন্য নির্ধারিত আছে। মেট্রো ট্রেন বাংলাদেশে পৌঁছানোর পর Integrated Test এবং Trial Run শুরু করা হবে। বাস্তব অগ্রগতি ২২.৩০%।